



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ৭৩/২১

তারিখ: ০৩ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
১৭ জুন ২০২১ খিস্টাব্দ


প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: এন্টি টেররিজম ইউনিট কর্তৃক “আনসার আল ইসলাম” এর ০১ (এক) সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি দল গোপন সংবাদের ভিত্তিতে ১৬ জুন ২০২১ তারিখ ২০.৪৫ ঘটিকায় অভিযান পরিচালনা করে নওগাঁ পৌরসভা সংলগ্ন কাচারী রোড এলাকা থেকে “আনসার আল ইসলাম” এর ০১ (এক) সদস্যকে আটক করেছে। গ্রেফতারকৃত সদস্য হলো:- মো: সারোয়ার হোসেন @আলিফ @মুসলিম ফৌজ(২৫), পিতা- মো: তোজাম্মেল হক, মাতা- মোছা: সাহিদা বেগম, গ্রাম- পতিস্বর, থানা- আত্রাই, জেলা- নওগাঁ। সে উনুজ্ঞ বিশ্ববিদ্যালয় হতে বিএসসি পাস করেছে। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে ০২ টি এন্ড্রয়েড মোবাইল সেট এবং ০৬ টি উগ্রবাদী বই জব্দ করেছে।

গ্রেফতারকৃত মো: সারোয়ার হোসেন @আলিফ @মুসলিম ফৌজ ‘গাজওয়াতুল হিন্দ’ প্রতিষ্ঠার লক্ষ্যে অনলাইনে উগ্রবাদ প্রচারণাসহ রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্রের মাধ্যমে বাংলাদেশে খিলাফত প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে দীর্ঘ দিন ধরে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছিল। তাছাড়া সে সামাজিক যোগাযোগ মাধ্যমে রাষ্ট্র ও সরকার বিরোধী এবং ধর্মীয় উসকানিমূলক ও উগ্রবাদী বিভিন্ন পোস্ট করে আসছিল। নিজেদের মতবাদ প্রচারের মাধ্যমে অনলাইনে আনসার আল ইসলামের পক্ষে সদস্য সংগ্রহের কাজ করে আসছিল। গ্রেফতারকৃত আসামী উগ্রবাদী বিভিন্ন বই ও বক্তৃতা অনলাইনে পোস্ট করে অগ্রহীদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষাসহ তাদের উগ্রবাদের দিকে আহ্বান করে আসছিল।

মো: সারোয়ার হোসেন @আলিফ @মুসলিম ফৌজ (২৫) নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “আনসার আল ইসলাম” এর সদস্যপদ গ্রহণ, সমর্থন, এবং অনলাইনে সন্ত্রাসী কর্মকাণ্ড প্ররোচিত করায় তার বিরুদ্ধে নওগাঁ সদর মডেল থানার মামলা নং-২৯, তাং-১৬/০৬/২০২১খ্রিঃ, ধারা সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩) এর ৮/৯(৩)/১০/১৩ মামলা দায়ের করা হয়েছে।


১৭/০৬/২০২১

(মোহাম্মদ আসলাম খান)
পুলিশ সুপার
(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)
এন্টি টেররিজম ইউনিট,
বাংলাদেশ পুলিশ, ঢাকা।